5.After Registration (One Time) by the bidder in the Web Portal, the intending bidder/ purchaser is required to get the copies of the following documents uploaded in the Web Portal before the Last Date & Time of submission of the Bid Documents viz. i) Copy of the NEFT/RTGS Challan or Demand Draft; ii) Copy of PAN Card; iii) Proof of Identification/ Address Proof (KYC) viz. self-attested copy of Voter ID Card/ Driving License/ Passport etc.; without which the Bid is liable to be rejected. UPLOADING SCANNED COPY OF ANNEXURE-II & III (can be downloaded from the Web Portal: https//www.bankeauctions.com) AFTER DULY FILLED UP & SIGNING IS ALSO REQUIRED. The interested bidders who require assistance in creating Login ID & Password, uploading data, submitting Bid Documents, Training/ Demonstration on Online Inter-se Bidding etc., may contact **M/s C1 India Pvt Ltd, Udyog Vihar, Phase 2, Gulf Petrochem building, Building No. 301, Gurgaon, Haryana. Pin: 122015, E-mail ID : support@bankeauctions.com, Support Helpline Numbers : 124-4302020/21/22/23, 7291981124 / 5 / 6, Kingshuk Ghosh @ 9836311889 Email :- kolkata@c1india.com** and for any property related query may contact **Authorised Officer: Animesh Mukherjee ; Mobile No: 9674711768, E-mail ID: cmcrr1.zokol@sbi.co.in & RA: 9007591000 during the working hours from Monday to Saturday.**

6.The interested bidder has to submit their Bid Documents [EMD (not below the Reserve Price) and required documents (mentioned in Point No.4)] on/ before **14.08.2020 upto 5.00 p.m** and after going through the Registering Process (One time) and generating User ID & Password of their own, shall be eligible for participating the e-Auction Process, subject to due verification (of the documents) and/ or approval of the Authorised Officer.

7.During the Online Inter-se Bidding, Bidder can improve their Bid Amount as per the 'Bid Increase Amount' (mentioned above) or its multiple and in case bid is placed during the last 5 minutes of the closing time of the e-Auction, the closing time will automatically get extended for 5 minutes (each time till the closure of e-Auction process), otherwise, it'll automatically get closed. The bidder who submits the highest bid amount (not below the Reserve Price) on the closure of the e-Auction Process shall be declared as a Successful Bidder by the Authorised Officer/ Secured Creditor, after required verification

8.The Earnest Money Deposit (EMD) of the successful bidder shall be retained towards part sale consideration and the EMD of unsuccessful bidders shall be refunded. The Earnest Money Deposit shall not bear any interest. The successful bidder shall have to deposit 25% of the sale price, adjusting the EMD already paid, within 24 hours of the acceptance of bid price by the Authorised Officer and the balance 75% of the sale price on or before 15th day of sale or within such extended period as agreed upon in writing by and solely at the discretion of the Authorised Officer. In case of default in payment by the successful bidder, the amount already deposited by the offer shall be liable to be forfeited and property shall be put to re-auction and the defaulting borrower shall have no claim/ right in respect of property/ amount.

9.The prospective qualified bidders may avail online training on e-Auction from M/s. C1 India Pvt. Ltd. prior to the date of e-Auction. Neither the Authorised Officer/ Bank nor M/s. C1 India Pvt. Ltd. shall be liable for any Internet Network problem and the interested bidders to ensure that they are technically well equipped for participating in the e-Auction event.

10.The purchaser shall bear the applicable stamp duties/ additional stamp duty/ transfer charges, fee etc. and also all the statutory/ non-statutory dues, taxes, rates, assessment charges, fees etc. owing to anybody.

11.The Authorised Officer is not bound to accept the highest offer and the Authorised Officer has the absolute right to accept or reject any or all offer(s) or adjourn/ postpone/ cancel the e-Auction without assigning any reason thereof.

12.The bidders are advised to go through the detailed Terms & Conditions of e-Auction available on the Web Portal of **M/s. C1 India Pvt. Ltd., https://www.bankeauctions.com** before submitting their bids and taking part in the e-Auction

13.The publication is subject to the force major clause.

Special Instructions

14.Bidding in the last moment should be avoided in the bidders own interest as neither the STATE BANK OF INDIA nor Service provider will be responsible for any lapse/failure(Internet failure/power failure etc.). in order to ward-off such contingent situations bidders are requested to make all necessary arrangements / alternatives such as power supply back-up etc, so that they are able to circumvent such situation and are able to participate in the auction successfully.

STATUTORY 30 DAYS SALE NOTICE UNDER THE SARFAESI ACT, 2002

Tthe borrower/ guarantors are hereby notified to pay the sum as mentioned above along with upto date interest and ancillary expenses before the date of e-Auction, failing which the property will be auctioned/ sold and balance dues, if any, will be recovered with interest and cost.

Date: 12.07.2020, Place : Kolkata — **Authorized Officer, State Bank of India**

নন্দকুমারে মনুয়া কাণ্ডের ছায়া, প্রেমিকের সাহায্যের স্বামীকে খুন করে মেঝেতে পুঁতে দিল স্ত্রী

দুরন্তবার্তা, তমলুক, ১১ জুলাই ঃ এবার পূর্ব মেদিনীপুরের নন্দকুমারে মনুয়া কাণ্ডের ছায়া। প্রেমিকের সহযোগিতায় স্বামীকে খুন করে বাপের বাড়ির রান্নাঘরের মেঝেতে পুঁতে দেওয়া হল দেহ। তারপর তার উপরে সিমেন্ট দিয়ে ঢালাইও করে দেওয়া হয়। এই ঘটনা জানাজানি হতেই শনিবার সকালে ফতেপুর গ্রামে অভিযুক্ত গৃহবধূর বাপের বাড়িতে ভাঙচুর চালায় স্থানীয়রা। প্রায় ১৭ বছর আগে ধান্যঘরের বাসিন্দা শেখ নুর মহম্মদের সঙ্গে ফতেপুরের আশমা বিবির বিয়ে হয়। তাদের দু'টি সন্তানও রয়েছে। তবে সম্প্রতি আশমা বিবি শ্যামসুন্দরপুরের বাসিন্দা শেখ দুলালের সঙ্গে বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়ে। বিবাহ বহির্ভূত সম্পর্কে বাধা দেন স্বামী। মাসতিনেক আগে এই নিয়ে এলাকায় সালিশি সভাও বসে।

আশমার দাবি, সালিশি সভায় চূড়ান্ত হেনস্তার শিকার হয় সে। তারপরই বদলা নেবে বলে স্বামীকে হুমকিও দিয়েছিল আশমা এবং তার প্রেমিক। ইতিমধ্যে গত শুক্রবার স্বামীকে সঙ্গে নিয়ে বাপের বাড়িতে যায় আশমা। পুলিশ সূত্রে খবর, সেই রাতেই স্বামীকে খুন করে সে। প্রেমিকের সহযোগিতায় দেহ রান্নাঘরের মেঝেতে পুঁতে দেওয়া হয়। যাতে কারও সন্দেহ না হয় তাই ওই অংশটি সিমেন্ট দিয়ে ঢালাই করে দেওয়া হয়। সোমবার বাপের বাড়ি থেকে শ্বশুরবাড়িতে ফিরে আসে আশমা। সকলকে জানায় তার স্বামী কাজে গিয়েছেন। এভাবে দিনতিনেক কেটে যায়। তবে নুর মহম্মদ বাড়ি না ফেরায় শ্বশুরবাড়ির লোকজনের সন্দেহ হয়। তাকে জেরা করতে শুরু করে। তবে কোনও কথাই জানায়নি আশমা। সন্দেহ হলে পুলিশে খবর দেয় নুর মহম্মদের পরিজনেরা। পুলিশি জেরায় অসঙ্গতি পাওয়া যায়। তাতেই সন্দেহ হয় তদন্তকারীদের। এরপর শুক্রবার রাতে দফায় দফায় জেরা করা হয় তাকে। প্রেমিকের সহযোগিতায় স্বামীকে খুন করে দেহ লুকিয়ে রাখার কথা স্বীকার করে নেয় আশমা। তার প্রেমিককেও মুখোমুখি বসিয়ে জেরা করা হয়। এরপর পুলিশ শুক্রবার গভীর রাতে আশমাকে সঙ্গে নিয়ে তার বাপের বাড়িতে যায়। কোথায় খুন করা হয়েছিল আর কোথায় দেহ লুকিয়ে রাখা আছে, সেই সমস্ত জায়গা পুলিশকে ঘুরিয়ে দেখায় সে। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে শনিবার দেহ সিমেন্টের ঢালাইয়ের আস্তরণ সরিয়ে বের করা হবে। এদিকে, খুনের কথা জানার পরই আশমার বাপের বাড়িতে ভাঙচুর চালান নিহতের পরিজনেরা। যাতে আর কোনও অশান্তি না হয় তাই আশমার বাপের বাড়ির আশেপাশে বিশাল পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে। এই ঘটনায় জড়িত থাকার সন্দেহে আশমার মাকেও আটক করেছে পুলিশ।

দরজা খুলল প্রাচীন মন্দিরগুলির, অর্থনীতির হাল ফেরার আশায় মন্দির নগরী বিষ্ণুপুর



দুরন্তবার্তা, বাঁকুড়া, ১১ জুলাই ঃ মন্দির নগরী হিসেবেই দেশ বিদেশে খ্যাতি বিষ্ণুপুরের। টেরাকোটার অপরূপ সৌন্দর্য্য মণ্ডিত সব প্রাচীন মন্দিরের টানে রাজ্য, দেশ, এমনকি দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশ থেকেও প্রচুর মানুষ ছুটে আসেন এক সময়ের মল্লরাজাদের রাজধানীতে। করোনা রুখতে দীর্ঘ লকডাউনে এতদিন দেশী-বিদেশী সমস্ত পর্যটকের প্রবেশই নিষিদ্ধ করা হয়েছিল। মন্দির গুলিতে নিত্য পুজাপাঠ চালু থাকলেও সাধারণের জন্য বন্ধ ছিল মন্দিরের দরজা। আনলক-২ পর্বে পুরাতত্ত্ব বিভাগের নির্দেশে আবার প্রবেশের অনুমতি মিলল। খুলে দেওয়া হল বন্ধ তালা। তবে করোনা সংক্রমণ এড়াতে দীর্ঘ প্রক্রিয়া শেষেই মিলবে মন্দিরে ঢোকার ছাড়পত্র। প্রতিটি মন্দিরের সামনে রাখা থাকছে স্যানিটাইজার। নিজেকে স্যানিটাইজ করার পর সামনে রাখা খাতায় নিজের নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখতে হবে। তারপর উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মী সংশ্লিষ্ট ব্যক্তির থার্মাল স্ক্রিনিং করে শরীরের তাপমাত্রা মাপবেন। এতো সবের পরেই মিলবে মন্দিরে ঢোকার ছাড়পত্র। মন্দিরের ভিতরেও যাতে সামাজিক দূরত্ব বজায় থাকে সেদিকেও কড়া নজর রাখার ব্যবস্থা করা হয়েছে। একই সঙ্গে আপাতত মন্দিরের সামনে গ্রুপ ছবি তোলার উপর নিষেধাজ্ঞা রয়েছে। ফলে দুধের স্বাদ ঘোলে মেটাতে মুঠো ফোনে মন্দিরের ছবি ধরে রাখছেন কেউ কেউ। করোনা রুখতে দেশজড়ে লকডাউন শুরু হওয়ার পর মুখ থুবড়ে পড়েছিল বিষ্ণুপুরের পর্যটন ব্যবসা। পর্যটকদের আনাগোনা বন্ধ থাকায় চরম সমস্যায় পড়েছিলেন পর্যটন শিল্পের সঙ্গে যুক্ত মানুষজন। বিশেষ করে ক্ষতিগ্রস্ত হয়েছিলেন ছোট ব্যবসায়ীরা। কারণ পর্যটক এলেই দু'পয়সা আয়ের মুখ দেখেন এঁরা। প্রায় তিন মাসেরও বেশি সময় ধরে পর্যটক আসা বন্ধ থাকায় মুখ থুবড়ে পড়েছিল মন্দির নগরীর অর্থনীতি। তাই আবার মন্দিরগুলির দরজা খুলে যাওয়ায় খুশি ব্যবসায়ীরা। স্থানীয় ব্যবসায়ীরা বলেন, ''সরকারীভাবে মন্দির খোলার পর পর্যটকরা আসতে শুরু করেছেন। সেরকম ভিড় এখনও জমেনি। তা হলেও বিক্রি বাড়ছে। আগামী দিনে পর্যটকদের আনাগোনা বাড়বে বলেই মনে করছি আমরা।'' মন্দিরের দরজা খুলে যাওয়ায় খুশি পর্যটকেরাও। গোটা বিষ্ণুপুর শহরের ইতিউতি ছড়িয়ে রয়েছে প্রাচীন সব মন্দির। ইতিহাস ও ঐতিহ্যে সমৃদ্ধ। সেই মন্দিরগুলি ঘুরে দেখার ফাঁকে বর্ধমানের শেহরাবাজার থেকে আসা গোপা মিদ্যা আমাদের ক্যামেরার মুখোমুখি হয়ে বলেন, ''দীর্ঘ লকডাউনে বাড়িতে থেকে হাঁপিয়ে উঠেছিলাম। বিষ্ণুপুরে মন্দিরের দরজা খোলা হয়েছে খবর পেয়েই সপরিবারে চলে এলাম। একইসঙ্গে বন্দি জীবন থেকে মুক্তি, অন্যদিকে প্রাচীন ইতিহাসকে ছুঁয়ে দেখা, এ কী কম পাওনা?''

করোনা এড়াতে হাজারদুয়ারিতে পর্যটকদের প্রবেশের ক্ষেত্রে একাধিক বিধিনিষেধ জারি




দুরন্তবার্তা, লালবাগ, ১১ জুলাই ঃ হাত বাড়ালেই নথিচাপা ইতিহাস। দেখে শুনে নাড়াচাড়া করা চললেও তা নিয়ে আলোচনা আর করা একদম চলবে না। গবেষকই হোন বা ছাত্র, কিংবা নেহাতই উৎসাহী পর্যটক, গ্যালারিতে দাঁড়িয়ে সেই ইতিহাসের সাক্ষী হওয়ার সুযোগটুকু পাবেন সবাই। কিন্তু তা নিয়ে কথা বলা বিলকুল মানা। করোনা সংক্রমণ এড়াতে হাজারদুয়ারি মিউজিয়াম কর্তৃপক্ষ জারি করল এমনই ফরমান। জানিয়ে দেওয়া হল, এখন থেকে মিউজিয়ামের গ্যালারির ভিতর প্রবেশ করে কোনও কথা বলা যাবে না। কাউন্টারে মিলবে না চিরাচরিত কাগজের টিকিট। ফলে হাজারদুয়ারিতে প্রবেশ করতে হলে অনলাইন বুকিং কিংবা ফোন-পে তেই টিকিট কাটতে হবে। এই নিষেধাজ্ঞায় ক্ষোভ প্রকাশ করেছেন জেলার ইতিহাসবিদ থেকে শুরু করে বিশিষ্টজনরাও।

হাজারদুয়ারির দায়িত্বপ্রাপ্ত ডেপুটি সুপারিন্টেডেন্ট অফ আরকিওলজিস্ট গৌতম হালদার বলেন, করোনা সংক্রমণের হাত থেকে রক্ষা পেতে মিউজিয়ামের গ্যালারিতে কথা বলা কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে। অন্যদিকে হাজারদুয়ারিতে প্রবেশের জন্য কাগজের টিকিট বাতিল করে অনলাইন বুকিং চালু করা হয়েছে। লকডাউনের ফলে টানা ১১১ দিন বন্ধ থাকার পর বেশ কিছু বিধিনিষেধ আরোপ করে সোমবার সাধারণের জন্য খোলা হয় হাজারদুয়ারি মিউজিয়াম। মাস্ক পরা, মিউজিয়ামে দলবদ্ধ হয়ে প্রবেশ না করা, সকলের আলাদা আলদাভাবে নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর নথিভুক্ত করার বিধি লাগু হয়েছিল আগেই। শুধু তাই নয়, হাজারদুয়ারি চত্বরে মিউজিয়াম দর্শনের আগে এবং পরে ঘোরাঘুরি করতেও দেওয়া হবে না বলে জানানো হয়। এবার জারি হল নতুন বিধিনিষেধ। সেই নিষেধের বেড়াজালে এখন থেকে মিউজিয়ামের গ্যালারিতে প্রবেশ করে কোনও পর্যটক নিজেদের মধ্যে কথা পর্যন্ত বলতে পারবেন না। এতেই ক্ষোভ জমেছে জেলার ইতিহাস সচেতন নাগরিকদের মধ্যে।

এ ব্যাপারে বিশিষ্ট শিক্ষাবিদ তথা লালবাগের বাসিন্দা মহম্মদ আলি বলেন, হাজারদুয়ারির গ্যালারি ইতিহাসের ভাণ্ডার। ওই গ্যালারি ইতিহাস গবেষক তো বটেই সাধারণ পর্যটক এবং যেকোনও বয়সের পড়ুয়াদের কাছে অত্যন্ত আকর্ষণীয় কেন্দ্র। ফলে গবেষকের পাশাপাশি যে কোনও ধরনের পর্যটক গ্যালারিতে প্রবেশ করে নিজেদের মধ্যে ইতিহাস জ্ঞানের আদান প্রদান করবেন, এটাই স্বাভাবিক। এই বিধিনিষেধ শিথিল করা জরুরি। এদিকে হাজারদুয়ারিতে প্রবেশের কাগজের টিকিট বাতিল করে অনলাইন ব্যবস্থায় চটেছে স্থানীয় ব্যবসায়ী মহল। তাঁদের দাবি, এখানে সব ধরনের পর্যটক আসেন তাদের পক্ষে অনলাইন ও ফোন-পে টিকিট কাটা একটা বিড়ম্বনা।

তুফানগঞ্জে একই রাতে তিনটি দোকানে চুরি হওয়ায় চাঞ্চল্য



দুরন্তবার্তা, কোচবিহার, ১১ জুলাই ঃ তুফানগঞ্জে একই রাতে তিন তিনটি দোকানে চুরি হওয়ায় চাঞ্চল্য সংশ্লিষ্ট এলাকায়। জানা যায় তুফানগঞ্জ এক নম্বর ব্লকের নাককাটি গ্রামপঞ্চায়েত এর বড়াই তলা এলাকায় একটি মুদি দোকানের দেয়াল ভেঙে চুরি যায় বেশ কিছু মুদি দোকানের সামগ্রী। অপরদিকে দেওচড়াই মোড় এলাকায় একটি স্বর্ণকারের দোকান এবং একটি মোটর সাইকেল মেকানিকের দোকানেও চুরি যায়। দেওচড়াই মোড় এলাকায় স্বর্ণ কারের দোকানে সামনের টিনের ঝাঁপ কেটে ভিতরে প্রবেশ করে চোরের দলটি। ভিতরে শোকেস ভেঙে সেখান থেকে কিছু সোনা ও রুপার গয়না নেয়। দোকানের কাগজ পত্র সব এলোমেলো করে ফেলে। দোকানের মালিক দীপঙ্কর রায় জানান, শুক্রবার রাতে তিনি দোকান বন্ধ করে বাড়িতে যান সকালে এক ব্যবসায়ী তাকে ফোন করে জানায়। তরিঘড়ি করে ঘটনাস্থলে আসেন এবং দেখেন দোকানের ঝাঁপ কাটা রয়েছে। নগদ টাকা দোকানে ছিলো না। তবে সব মিলিয়ে ২০২২ হাজার টাকার জিনিসপত্র চুরি যায়। পাশেই একটি মোটর সাইকেল মেকানিকের দোকানে তালা কেটে ভিতরে ঢোকে চোর। সেখানে প্রয়োজনীয় যন্ত্রপাতি নিয়ে নেয়। তবে এই ঘটনায় চাঞ্চল্য তৈরী হয় এলাকায়। ব্যবসায়ী সমিতির তরফ থেকে জানানো হয় যে এই এলাকায় সিভিক ভলেন্টিয়ার রাতে ডিউটি করে তা সত্ত্বেও কি করে চুরি হয় তার তদন্ত চাই।

৩৬ ঘন্টা পর তলিয়ে যাওয়া যুবকের দেহ উদ্ধার বাঁকুড়ায়



দুরন্তবার্তা, বাঁকুড়া, ১১ জুলাই ঃ সম্প্রতি জলের তোড়ে ভেঙ্গে গিয়েছিল সেতু। সেই সেতু পার হতে গিয়ে গত বৃহস্পতিবার সেতু তলিয়ে যায় এক যুবক। গত বৃহস্পতিবার বাঁকুড়ার সতীঘাটে রাতের অন্ধকারে হড়কা বানে ওই সেতু পেরোতে গিয়েই ঘটে বিপত্তি। ঘটনার খবর জানাজানি হতেই রাত্রের মধ্যই উদ্ধারকাজে নামে সিভিল ডিফেন্স ও ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্মীরা। নিখোঁজ যুবকের খোঁজে স্পিড বোট নিয়ে নদীবক্ষে রাতভর চলে তল্লাশি শুক্রবার সকালেও চলে চল্লাসি। নদীবক্ষে রাতভর তন্নতন্ন করে তল্লাশি চালিয়েও ওই যুবকের কোনো হদিশ মেলেনি পরদিন সকালেও অর্থাৎ শুক্রবার চলে তল্লাশি। কিন্তু যুবকের দেহ না মেলায় স্থানীয় মানুষ ও সিভিল ডিফেন্সের আশঙ্কা ছিল ওই যুবক নদিতে পড়ে গিয়ে কোনোভাবে সাঁতার কেটে নদীর পাড়ে উঠে পড়েছেন। অবশেষে সব জল্পনায় জল ঢেলে পাওয়া গেল সেই যুবকের মৃতদেহ। গন্ধেশ্বরী নদীতে তলিয়ে যাওয়া যুবকের মৃতদেহর সন্ধান মিলল ৩৬ ঘন্টা পেরিয়ে আবার পর। শনিবার সকালে ২২ ব্লকের মোবারকপুর গ্রামের বাসিন্দারা প্রথমে মৃতদেহ নদীতে ভাসতে দেখেন। এর পরই বাঁকুড়া সদর থানায় খবর দেওয়া হলে। ঘটনা স্থলে যায় সিভিল ডিফেন্স টিম। এবং মৃতদেহ উদ্ধার করে বাঁকুড়া মেডিকেলে ময়না তদন্তে পাঠায় বাঁকুড়া সদর থানার পুলিশ। জানা যায় গন্ধেশ্বরী নদী লাগোয়া একটি আবাসনের বাসিন্দা চৈতক বন্দ্যোপাধ্যায় নামে এক যুবক নদীতে তলিয়ে যাওয়ার পর নিখোঁজ ছিল। সিভিল ডিফেন্স টিমে মৃতদেহের তল্লাসি চালিয়েও উদ্ধার করতে পারেনি। অবশেষে এদিন সকালে মোবারকপুরে উদ্ধার হয় মৃতদেহ। সতীঘাট সংলগ্ন এলাকা থেকে নদীর জলে তলিয়ে যায় ওই যুবক। তা জলের তোড়ে ভেসে মোবারকপুর গিয়ে ভেসে ওঠে। এদিকে প্রশাসন ওই ভাঙা ব্রিজটিকে সিল করেছে যাতে। যাতে পারাপার না হয় ও নতুন কোনো প্রানহানী না ঘটে এবিষয়েও নজর রাখছে প্রশাসন।

বাড়ছে করোনা সংক্রমণ, খুলেও আবারও পর্যটকদের জন্য বন্ধ হচ্ছে দার্জিলিংয়ের দরজা



দুরন্তবার্তা, শিলিগুড়ি, ১১ জুলাই ঃ লকডাউনে বাড়িতে থাকতে থাকতে কী আপনি বিরক্ত হয়ে গিয়েছেন? ইট-কাঠ-পাথরের বন্ধ জায়গা থেকে ছুটি চাইছেন? মন টানছে পাহাড়? উত্তর 'হ্যাঁ' হলে আপনার জন্য রয়েছে দুঃসংবাদ। কারণ, পর্যটকদের জন্য ফের দরজা বন্ধ করল দার্জিলিং। করোনা সংক্রমণের আশঙ্কায় বৃহস্পতিবার থেকে ফের পাহাড়ে বন্ধ হচ্ছে পর্যটন। আগামী ৩১ জুলাই পর্যন্ত আর মন চাইলেও ব্যাগ গুছিয়ে টুঁ মারতে পারবেন না শৈলশহরে। বুধবার জিটিএ'র তরফ থেকে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। চেয়ারম্যান অনীত থাপা বলেন, লকডাউনে সমস্যা হচ্ছে সকলের। প্রত্যেকেই আর্থিক সমস্যায় রয়েছেন। কিন্তু করোনা সংক্রমণ রুখতে গেলে আর্থিক ক্ষতি মেনে নিতেই হবে। তাই আগামী ৩১ জুলাই পর্যন্ত এই নিয়ম জারি থাকবে। তারপরই নেওয়া হবে পরবর্তী সিদ্ধান্ত। মূলত পর্যটনের উপরেই নির্ভর করে পাহাড়ের অর্থনীতি। আর এদিকে করোনা সংক্রমণে রুখতে মার্চ থেকে পর্যটকদের জন্য বন্ধ দার্জিলিংয়ের দরজা। তারপর দীর্ঘ লকডাউন। তাই ব্যাপক ক্ষতির মুখোমুখি হয়েছেন পর্যটন ব্যবসায়ীরা। আনলক পর্বে ফের পর্যটকদের জন্য খুলেছিল দার্জিলিংয়ের দরজা। পর্যটকদের বিশেষ সুবিধার জন্য 'ওপেন প্রাইস সিস্টেম' চালু হয় অতিথিশালাগুলি। তার ফলে আলাদা হোটেল, লজ কিংবা হোমস্টে-র আলাদা রুম ট্যারিফ কিংবা খরচের তালিকা থাকত না। পরিবর্তে হোটেল কিংবা লজ মালিককে কোনও পরিবার জানাতে পারতেন স্বামী, স্ত্রী ও দুটি শিশু মিলিয়ে চারজন তিন দিন থাকতে চান। তাঁদের বাজেট দশ হাজার টাকা। হোটেল মালিক তার মধ্যেই লাভ রেখে ওই বাজেটের মধ্যেই থাকা-খাওয়ার সুবন্দোবস্ত করে দেবেন। ফলে আপনার সাধ্যের মধ্যেই হবে সাধপূরণ। কিন্তু সেই পদ্ধতি চালু করেও বিশেষ লাভ হল না। পর্যটকদের ভিড় জমার আগেই ফের চালু হল লকডাউন। বৃহস্পতিবার থেকে ৩১ জুলাই পর্যন্ত বন্ধ দার্জিলিংয়ের দরজা। তার ফলে ফের আর্থিক সংকটে পর্যটন ব্যবসার সঙ্গে জড়িত মানুষজনেরা।

প্রবল বৃষ্টি উত্তরবঙ্গে, জলমগ্ন একাধিক এলাকা

দুরন্তবার্তা, জলপাইগুড়ি, ১১ জুলাই ঃ গত কয়েকদিন ধরেই প্রবল বৃষ্টি হচ্ছে উত্তরবঙ্গে। যার ফলে জলমগ্ন একাধিক এলাকা। মৌসুমী অক্ষরেখা অতি সক্রিয় রয়েছে। মৌসুমী অক্ষরেখার পূর্বাংশ উত্তরবঙ্গের দিকে সরে গিয়েছে। এর প্রভাবেই উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার, কালিম্পংয়ে ৭০ থেকে ২০০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হতে পারে। ইতিমধ্যেই দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার জেলার বিভিন্ন অংশ বৃষ্টির জেরে জলমগ্ন হয়ে পড়েছে। ফুঁসছে নদীর জল। পার্বত্য এলাকায় ধসের আশঙ্কা করা হচ্ছে। ডায়না নদীর জলস্ফীতিতে বিপন্ন হয়ে পড়েছে জলপাইগুড়ি জেলার নাগরাকাটার কলাবাড়ি বস্তি। কুজি ডায়নার প্রবল আস্ফালনে ধসে যাওয়ার মুখে শতাব্দী প্রাচীন লুকসানের লাল পুল। প্রবল বৃষ্টিতে মাল ব্লকের মাল, নেওড়ার মতো নদী ফুলে-ফেঁপে উঠেছে। প্রশাসন সার্বিক পরিস্থিতির উপর নজর রাখছে। গত বৃহস্পতিবার মাল ব্লকের কুমলাই গ্রাম পঞ্চায়েতের ভোটডাঙ্গা এবং লাগোয়া এলাকার বেশকিছু বাসিন্দারা গোরু চরাতে নেওড়া নদীর চর এলাকায় গিয়েছিলেন। প্রবল বৃষ্টিতে নদী ফুঁসতে শুরু করেছে। রাতে মাল ব্লক প্রশাসনকে খবর দেওয়া হয়। মালের বিডিও বিমান চন্দ্র দাস বলেন, 'নদীর চর এলাকায় ১৯ জন আটকে পড়েছিলেন। রাত সাড়ে তিনটা নাগাদ ১৯ জনকেই উদ্ধার করে ফিরিয়ে নিয়ে আসা হয়েছে। আমরা তিস্তা সহ অন্যান্য নদীর পরিস্থিতির উপরেও নজর রাখছি।' প্রবল বৃষ্টিতে মাল নদীর জলস্রোত ব্যাপক বৃদ্ধি পেয়েছে। নদীর জল মাল শহরের দুই নম্বর ওয়ার্ডের বাঁধে ধাক্কা মারছে। মাল নদীর অন্যধারে মেটেলি ব্লকের বিধাননগর গ্রাম পঞ্চায়েতের সোনাগাছি চা বাগানের বাটাইগোল ডিভিশনেও ব্যাপক ভাঙন ধরেছে। বাটাইগোল বস্তি এবং ঝিরকাধুরা এলাকাতেও ক্ষতি করছে। বাসিন্দারা দুশ্চিন্তায় দিন কাটাচ্ছেন।

WBPWD/KSHD/EE/NIT-19 OF 2020-2021

e-Tenders are invited for "(i) Supplying of 2 nos. 1000 liter PVC tank over the Lytton Hostel making necessary new pipe line connection with central reservoir to provide a new provision for installing water purifiers at SSKM Hospital. (ii) Reconstruction of fever Clinic (at GF), Construction of Toilet for office (at SF) & other allied works in connection with COVID emergency within Baghajatin SG Hospital."

1) Tender ID: **2020_WBPWD_289290_1 & 2020_WBPWD_289290_2**

2) **Last date of bid submission online is: 18/07/2020 upto 02:30 P.M.**

3) The other details may be available from Notice Board & website: **https:// wbtenders.gov.in**

**Sd/-
Executive Engineer, PWD
Kolkata South Health Division**

Notice Inviting Tender No.-06 of 2020-21 of Assistant Engineer, Kandi Highway Sub-Division


Assistant Engineer, Kandi Highway Sub Divn, P.W.(Roads) Dte. Invites sealed tender for 2 (Two) nos works vide Sl. No. (1) Geotechnical soil investigation for construction of proposed new bridge at a distance of 380 mtr from Mayurakshi Bridge end point i.e. Chainage 9.924 Km of Kandi- Bharatpur- Salar road for extension of linear waterway between 9.544 Km and 10.644 Km of Kandi- Bharatpur- Salar road under Murshidabad Highway Division-II in the District of Murshidabad. (Estimated Amount-Rs.4,78,894.00, Earnest Money-Rs.9,578.00), Sl. No.(2) Geotechnical soil investigation for construction of proposed new bridge at a distance of 426 mtr before of Kuya Bridge start point i.e. Chainage 10.218 Km of Kandi-Bharatpur- Salar road for extension of linear waterway between 9.544 Km and 10.644 Km of Kandi- Bharatpur- Salar road under Murshidabad Highway Division-II in the District of Murshidabad. (Estimated Amount-Rs.3,87,527.00, Earnest Money-Rs. 7,751.00).Date & time for application 24/07/2020 up to 3.00 P.M. and submission of tender paper on 29/07/2020 from 12.00 P.M to 3.00 P.M. & opening of tender paper after 3.30 P.M. on 29/07/2020. Detail information can be obtained from this Office notice board.

**Sd/- Assistant Engineer
Kandi Highway Sub-Division.
P.W.(Roads) Directorate.**

KAMARKUNDU- GOPALNAGAR- DALUIGACHHA GRAM PANCHAYAY
KAMARKUNDU, HOOGHLY, 712407
SINGUR PANCHAYAT SAMITI
Ph. No.- 9903161002, 9748853380 E mail id:- kgd_gp@yahoo.co.in
Notice
***NIT NO: KGD/147/2020, Date - 10/07/2020, Fund- IBRD, No of Scheme-1 (Road),**
***NIT NO: KGD/148/2020, Date -10/07/2020, Fund- CFCG, No of Scheme-13 (Road),**
***NIT NO: KGD/149/2020, Date -10/07/2020, Fund- CFCG, No of Scheme-3 (Drain),**
NIT has been published and for detailed information please visit our Gram Panchayat Office

**Sd/- Prodhan
KGD Gram Panchayat**


বর্ধমানে বৃদ্ধ খুনের কিনারা করতে আঁকা হবে আততায়ীর স্কেচ, ফের তেজগঞ্জে সিআইডি দল



দুরন্তবার্তা, পূর্ব বর্ধমান, ১১ জুলাই ঃ ফের কলকাতার ভবানীভবন থেকে সিআইডির টিম তদন্তে এল তেজগঞ্জে। এক সপ্তাহ পেরিয়ে গেলেও কিনারা হওয়া তো দূরের কথা বর্ধমানের তেজগঞ্জে বৃদ্ধ খুনের ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেফতারই হয়নি। গত ৩০ জুন বিকাল নাগাদ বর্ধমান শহরের তেজগঞ্জ স্কুলপাড়া এলাকায় বাড়ির মধ্যেই খুন হন গোরাচাঁদ দত্ত (৮৪)। এদিন বাড়িতে একাই ছিলেন অশীতিপর ওই বৃদ্ধ। তাঁর স্ত্রী মীরা দত্ত জানান, এদিন সকালে তিনি শহরের জিলিপিবাগানে বোনের বাড়িতে গিয়েছিলেন। ফিরে এসে দেখেন বাড়ির সামনে বছর তিরিশের এক যুবক দাঁড়িয়ে রয়েছে। মীরাদেবী বলেন, ''আমি ওই যুবককে চিনি না। তাকে ওখানে দাঁড়িয়ে থাকতে দেখে জানতে চেয়েছিলাম কী হয়েছে? বলতেই ওই যুবক আমাকে বলে কী হয়েছে ঘরে ঢুকে দেখুন। তারপর হলুদ গেঞ্জি পরা ওই যুবক চলে যায়।'' বাড়িতে ঢুকে মীরাদেবী দেখেন, রক্তাক্ত অবস্থায় উপুড় হয়ে পড়ে রয়েছেন তাঁর স্বামী।

তিনি জানিয়েছিলেন, টিভিটা দরজার সামনে টানা ছিল। আলমারি খোলা। বিছানা তছনছ। খাটের ঠিক নীচে পড়েছিলেন তাঁর স্বামী। কেউ চুরি করতে এসে বাধা পাওয়ায় খুন করে বলে পুলিশকে জানিয়েছিলেন তিনি। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বর্ধমান থানার পুলিশ। ওই বৃদ্ধের ছেলে কর্মসূত্রে দুর্গাপুরে থাকেন। মেয়ের বিয়ে হয়ে গেছে ধানবাদে। তেজগঞ্জে বৃদ্ধ আর বৃদ্ধাই থাকতেন। ডিএসপি হেড কোয়ার্টার্স সৌভিক পাত্রের নেতৃত্বে তদন্ত শুরু হয়। দু'দিন পরেই ঘটনার তদন্তে এসেছিল সিআইডি দল। সিআইডির দুই সদস্য ফিঙ্গার প্রিন্ট বিশেষজ্ঞ শুভাশিস হালদার ও শৈবাল দত্ত বাড়িতে গিয়ে ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করেন। ঘণ্টাখানেক ধরে তাঁরা বাড়ির বিভিন্ন জায়গা ঘুরেও দেখেন। শনিবারও সিআইডির তিন সদস্যের টিম ঘণ্টাখানেক ধরে বৃদ্ধের বাড়িতে ছিলেন। তাঁরা গোটা ঘরের আনাচে-কানাচে ঘুরে দেখেন। সিআইডির দুই ফরেন্সিক অফিসার হরেন্দ্রনাথ সিংহ ও তীর্থঙ্কর সরকার মূলতঃ অপরাধীর স্কেচ তৈরি করার জন্যই এদিন তদন্তে আসেন। সঙ্গে ছিলেন বর্ধমান থানার আইসি পিন্টু সাহা ও এসডিপিও (সদর) শৌভিক পাত্র।

স্বাস্থ্য দফতরের থেকে করোনা ঠেকাতে কি খাওয়া উচিত তা প্রচার করা হবে



দুরন্তবার্তা, জলপাইগুড়ি, ১১ জুলাই ঃ স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে শীঘ্রই করোনা সংক্রমণ ঠেকাতে কি ধরনের খাবার খাওয়া উচিত তা প্রচার করা হবে। ইমিউনিটি বাড়াতেই এই উদ্যোগ। শনিবার জলপাইগুড়িতে করোনা মোকাবিলায় উত্তরবঙ্গের দায়িত্বপ্রাপ্ত অফিসার অন স্পেশ্যাল ডিউটি ডাক্তার সুশান্ত রায় এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, করোনা সংক্রমণ ঠেকাতে প্রয়োজনীয় সচেতনতা বাড়ানোর কথা বারবার বলা সত্ত্বেও মানুষের মধ্যে সচেতনতা তেমন দেখা যাচ্ছে না। আমরা স্বাস্থ্য দফতর চিকিৎসা করতে প্রস্তুত আছি। সচেতন হবেন কি না তা সাধারণ মানুষেরাই ঠিক করুন। জলপাইগুড়িতে করোনা সংক্রমণের নতুন করে কোনও খবর শনিবার বিকেল পর্যন্ত নেই। আতঙ্কিত হওয়ার কারণ নেই কোনও। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলে জানান তিনি।

লকডাউন সফল করতে চলছে অভিযান

দুরন্তবার্তা, শিলিগুড়ি, ১১ জুলাই ঃ শিলিগুড়িতে হু হু করে বেড়ে চলা করোনা নিয়ন্ত্রণে আনতে জেলা প্রশাসনের পক্ষ থেকে শহরের ৯ টি ওয়ার্ডে লকডাউনের ঘোষণা করা হয়েছে। পুলিশ প্রশাসন এই ওয়ার্ডগুলিতে লকডাউন কে সফল করতে লাগাতার অভিযান চালাচ্ছে। লকডাউন ঘোষণার তৃতীয় দিন শনিবারও এই ওয়ার্ডে পুলিশ অভিযান অব্যাহত আছে। রাস্তায় বেরোনো গাড়ি চালক কে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। পাশাপাশি মাস্ক হীন ও অযথা বাড়ি থেকে বেরিয়ে রাস্তায় ঘোরা ফেরা করার লোকেদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে পুলিশ।

THE GROB TEA CO. LTD
Regd Office : "Haute Street", 9th Floor, 86A, Topsia Road, Kolkata 700046
Phone No. +91-33-4003-1325/26
Email: grobtea@rawalwasia.co.in Website : www.grobtea.com
CIN : L74110WB1895PLC000963

NOTICE

This Notice is hereby given to the shareholders of the Company pursuant to the provisions of Sections 124 and 125 of the Companies Act, 2013 and Rule 6(3)(a) of the Investor Education and Protection Fund Authority Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016 ('the IEPF Rules') as amended from time to time.

In terms of the IEPF Rules, all shares in respect of which dividend has not been claimed or paid to the shareholders for the last seven consecutive years or more shall be transferred to the DEMAT Account of the IEPF Authority within 30 days from the due date of transfer.

The concerned shareholders, holding shares in physical form and whose shares are liable to be transferred to the DEMAT Account of the IEPF Authority, may note that the Company would be issuing new share certificates(s) in lieu of the original share certificate(s) held by them for the purpose of transfer of share(s) to the DEMAT account of the IEPF Authority and upon issue of such new share certificate(s) the orginal share certificate(s) which stand registered in their name(s) will stand automatically cancelled and be deemed non – negotiable.

Pursuant to the provisions of the IEPF Rules, the Company has sent individual notices to the latest available addresses of the shareholders whose dividends are lying unpaid/unclaimed for the last seven consecutive years or more, inter alia, providing details of shares to be transferred to the IEPF Authority.

Further in terms of rules 6(3)(a) of the IEPF Rules, the Company has uploaded names of the shareholders, whose dividend has remained unclaimed or unpaid for seven consecutive years and whose shares are liable to get transferred to the DEMAT Account of the IEPF Authority along with their folio numbers or DP ID- Client ID on its website at **www.grobtea.com** for information and necessary action by the shareholders.

Shareholders may note that both the unclaimed dividend and shares transferred to the IEPF authority, including all benefits accruing on such shares if any, can be claimed back after following the procedure prescribed in the IEPF Rules. The shareholders may further note that details uploaded by the Company on its website shall be deemed to be adequate notice for issue of new share certificate(s) by the Company for the purpose of transfer of the shares to the DEMAT Account of the IEPF Authority.

The concerned shareholders are requested to claim their unclaimed/ unpaid dividend amount(s) on or before 30th September, 2020 in case the Company does not receive any communication from the concerned shareholders by 30th September, 2020, the Company shall with a view to comply with the requirements of the IEPF Rules, transfer the shares to the DEMAT Account of the IEPF Authority.

In case of any claims or queries, the shareholders are requested to contact the Secretarial Department of the Company at 86A, Haute Street Topsia Road, 9th Floor, Kolkata – 700 046; Phone No 033 – 4003 – 1325/26, email id: grobtea@rawalwasia.co.in.

For The Grob Tea Co Ltd.
Kritika Mohata
Company Secretary

Place : Kolkata
Date : 11.07.2020